▪ উষ্ম বা শিশ ধ্বনিঃযে ধ্বনি উচ্চারণের সময় শিশ দেওয়ার মত আওয়াজ হয় তাকে শিশ ধ্বনি বলে। উষ্মবর্ণ (৪টি) = শ,ষ, স, হ

| শ,ষ,স– অঘোষ অল্পপ্রাণ | হ– ঘোষ মহাপ্রাণ |
|---|---|

১৪. 'তমিস্রা' শব্দের যথাযথ উচ্চারণ-

ক) তমিস্স্রা খ) তমিস্রা গ) তোমিস্রা ঘ) তোমিস্স্রা উত্তর: ঘ

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু শব্দের উচ্চারণঃ

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অধ্যক্ষ | ওদ্‌ধোক্‌খো | অধ্যবসায় | ওদ্‌ধোবশায় |
| উদ্‌ঘাটন | উদ্‌ঘাটোন্ | ইতঃপূর্বে | ইতোপ্পুরবে |
| ওতপ্রোত | ওতোপ্প্রোতো | ঐকতান | ওইকোতান্ |
| ঔদ্ধত্য | ওউদ্‌ধোত্‌তো | গণতন্ত্র | গনোতন্‌ত্রো |
| তিতিক্ষা | তিতিক্‌খা | তাচ্ছিল্য | তাচ্ছিল্‌লো |

১৫. 'আমার এতদিনের ভুল সংশোধন করার এই শেষ সুযোগ আমাকে নিতে হবে।' - সিরাজ কোন প্রসঙ্গে এ কথা বলেছিলেন?

ক) যুদ্ধক্ষেত্রে সরাসরি গমন খ) স্ত্রীর প্রতি ভালোবাসা প্রকাশ

গ) মিরনের সঙ্গে সংলাপ বিনিময়

ঘ) কূটনৈতিক কৌশল নির্ধারণ উত্তর:ক

তথ্য: ▪ সিকানদার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অঙ্কের তৃতীয় দৃশ্যে পলাশীর যুদ্ধে নবাব বাহিনীর পরাজয় আসন্ন ভেবে সিরাজউদ্দৌলা বলেনঃ 'যুদ্ধক্ষেত্রে আমি উপস্থিত নেই বলেই পরাজয় গুটিগুটি এগিয়ে আসছে। (সৈনিককে উদ্দেশ্য করে) আমার হাতিয়ার নিয়ে আসো। আমি যুদ্ধে যাব। আমার এতদিনের ভুল সংশোধন করার এই শেষ সুযোগ আমাকে নিতে হবে।'

'সিরাজউদ্দৌলা' নাটক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যঃ

- সিরাজউদ্দৌলা নাটকে মোট ৪ টি অঙ্ক এবং ১২ টি দৃশ্য রয়েছে।
- ১ম অঙ্ক ও ১ম দৃশ্য- ১৭৫৬ সালে, ১৯ এ জুন- ফোর্ট উইলিয়াম দুর্গ।
- ১ম অঙ্ক ও ২য় দৃশ্য- ১৭৫৬ সাল, তেসরা জুলাই- কলকাতার ভাগীরথী নদীতে ফোর্ট উইলিয়াম জাহাজ।
- ১ম অঙ্ক ও ৩য়/শেষ দৃশ্য- ১৭৫৬ সালে ১০ অক্টোবর- ঘসেটি বেগমের বাড়ি।
- ২য় অঙ্ক ও ১ম দৃশ্য- ১৭৫৭ সাল ১০মার্চ- নাবাবের দরবার।
- ২য় অঙ্ক ও ৩য়/শেষ দৃশ্য- ১৭৫৭ সাল ১৯এ মে।/১৭৫৯ সালের ৯জুন- মিরনের আবাস।
- ৩য় অঙ্ক ও ১ম দৃশ্য- ১৭৫৭ সালের ১০জুন- ২১ জুনের মধ্যে যে কোনো একদিন।- লুৎফুন্নিসার কক্ষ।
- ৩য় অঙ্ক ও ২য় দৃশ্য- ১৭৫৭ সাল ২২এ জুন।- পলাশিতে সিরাজের শিবির।
- ৩য় অঙ্ক ও ৩য় দৃশ্য- ১৭৫৭ সাল ২৩এ জুন।- পলাশির যুদ্ধক্ষেত্র
- ৩য় অঙ্ক ও ৪র্থ/শেষ দৃশ্য-১৭৫৭ সালের ২৫জুন- মুর্শিদাবাদ নবাবের দরবার।
- ৪র্থ অঙ্ক ও ১ম দৃশ্য-১৭৫৭ সালের ২৯জুন- মিরজাফরের দরবার।
- ৪র্থ অঙ্ক ও ২য়/শেষ দৃশ্য- ১৭৫৯ সালের ২রা জুলাই- জাফরগঞ্জের কয়েদখানা।

## English-15

**Fill in the gaps (1-3)**

**1. The emergency exit was concealed____ a red curtain.**

a) by b) from c) with d) in Ans:a

তথ্য: ▪ Conceal by- কোন কিছু দ্বারা লুকিয়ে থাকা।

বাক্যটির অর্থ- জরুরী প্রস্থানের জায়গাটি লাল পর্দা দ্বারা লুকোনো ছিল।

▪ Conceal in- কোন কিছুর মধ্যে লুকিয়ে থাকা।

▪ Conceal with-কোন কিছু হতে লুকিয়ে থাকা।

কিছু গুরুত্বপূর্ণ **Appropriate Preposition:**

- Confined in (prison) - আটকে রাখা
- Confined to (bed) - শয্যাগত
- Conform to - মেনে চলা, অনুসরণ করা, মিল থাকা
- Conform with (a person) – একমত পোষণ করা
- Congratulate on - অভিনন্দন জানানো
- Connection to (sth)- কোনো কিছুর সাথে সম্পর্ক

**2. The book shop sells no books____ Bangla, French and English.**

a) other than b) any other

c) some other d) a few other Ans:a

তথ্য:

| | |
|---|---|
| other than- ব্যতিত, ছাড়া | any other- অন্য কেউ |
| some other- অন্য কিছু | a few other- আরো কয়েকটি |

▪ বাক্যটির অর্থ- বইয়ের দোকানটি বাংলা, ফরাসি এবং ইংরেজি ছাড়া অন্য বই বিক্রি করে না। বাক্যের অর্থানুসারে other than ই সঠিক। বাকিগুলো দ্বারা কোনো সঠিক অর্থ আসেনা।

**3. Audiences are attracted by _____ advertisement and tend to buy the product blindly.**

a) efficient b) vigorous

c) colorful d) aggressive Ans:c

তথ্য:

| | |
|---|---|
| Efficient- সুদক্ষ | Vigorous- শক্তিশালী ও স্বাস্থ্যবান। |
| Colorful-রঙিন, বর্ণিল | Aggressive- আগ্রাসী, আক্রমণাত্মক |

বাক্যটির অর্থ, দর্শকবৃন্দ রঙিন বিজ্ঞাপন দেখে আকির্ষিত হয় এবং অন্ধভাবে পণ্য ক্রয়েরের প্রবণতা দেখায়। বাক্যের অর্থানুসারে Colorful ই সঠিক। বাকিগুলো দ্বারা কোনো সঠিক অর্থ আসেনা।

**4. In everyday life, ____ is not considered a polite expression.**

a) pardon me b) may I

c) would you mind d) hurry up Ans:d

তথ্য: ▪ টেক্সট বইয়ের "Ettiqute and Manners" Passage এর শেষে দুই লাইন অনুযায়ী Polite expressions হলোঃ

1. Pardon me 2. Excuse me 3. May I

▪ লাইনটি হলো, A few more polite expressions such as 'pardon me,' 'excuse me', 'may I,' are bound to make your day smooth and pleasant.

**5. Its main purpose is to get you excited about science by doing it rather than simply learning about it. What does 'it' refer to?**

a) Science fair b) Boishahki Mela

c) Olympaid d) University fair Ans:a

তথ্য: প্রশ্নে উল্লেখ আছে যে, Excited about Science তাই সঠিক উত্তর হবে Science fair । কারণ আর বাকী অপশনগুলো Boishaki mela, Olympiad, University কোনটি বিজ্ঞান সম্পর্কিত নই।

**6. The expression 'in defiance' means-**

a) Protesting b) defining

c) agreeing d) nodding Ans:a

তথ্য:

| | | |
|---|---|---|
| Defiance প্রকাশ্যে অবাধ্যতা/ প্রতিরোধ | Protesting প্রতিবাদী | Defining নির্ধারণ করা |
| | Agreeing সম্মত | Nodding মাথা নাড়ানো |

**Synonym:** contrariness, contumacy, disobedience, frowardness, insubordination, intractability.

**Antonym:** submission, compliance, subordinateness, subordination, acquiescence, obedience.

**7. Which of the following sentences has an adverb in it?**

a) I was happy to see their cheerfulness.

b) I could hear a cacophony of loud vocies.

c) He stayed unusually long

d) This was the only son of Ulysses. Ans:c

তথ্য: ▪ শুধু অপশন C তেই Adverb, usually আছে। এছাড়া বাকি অপশন গুলোতে Adverb নেই।

▪ সাধারনত always, often, usually, seldom, hardly, rarely, never, still ইত্যাদি শব্দগুলো adverb।

▪ অপশন b তে loud শব্দটি adjective, এখানে loud শব্দটি vocies কে modify করেছে।

▪ অপশন d তে only শব্দটি adjective, এখানে only শব্দটি son কে modify করেছে।



শিক্ষায় সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**8. Change into indirect narration: I say to him, "Please don't repeat the mistake."**
a) I tell him please do not repeat the mistake.
b) I requested him kindly not to repeat the mistake.
c) I told him not repeat the mistake.
d) I request him not to repeat the mistake. **Ans:d**

তথ্য:
- Please থাকলে reporting verb হিসেবে request ব্যবহৃত হয় আর যেহেতু say to present tense এ আছে এজন্য present tense ই হবে।
- Imperative sentence এর narration করার ক্ষেত্রে Direct speech-এ please থাকলে Reporting verb এ please এর পরিবর্তে request বসে।
- বাক্যটি Negative হলে Reported speech এর শুরুতে linkers হিসেবে "Not to" বসে এবং Affirmative sentence-এর ক্ষেত্রে পূর্বে reported speech এর পূর্বে "To" তার পর verb এর base form হয়। যেমন:

**Indirect:** The man said to the officer, "Please, help me."
**Direct:** The man requested the officer to help him.

**9. Find the correct sentence-**
a) No sooner had the police seen the thief than they started chasing him
b) No sooner had the police seen the thief then they started chasing him.
c) No sooner did the police see the thief then they started chasing him
d) No sooner the police had seen the thief they started chasing him **Ans:a**

তথ্য: No sooner had......than দ্বারা দুটি clause যুক্ত হলে প্রথম clause টি Past Perfect tense-এ হয় এবং দ্বিতীয় clause টি Past Indefinite tense-এ হয়। এ ক্ষেত্রে had সর্বদা প্রথম subject এর পূর্বে বসবে। যেমন:
Structure: **No sooner + had + sub+$v_3$ ....than+sub+$V_2$**
No sooner had the teacher gone to the class than the student stood up.

**10. The synonym of the word 'social' is-**
a) amicable b) happy
c) civilised d) intimate **Ans:c**

তথ্য:

| | | |
|---|---|---|
| Social<br>সামাজিক | Civilised<br>সভ্য, সামাজিক | Amicable<br>বন্ধুত্বপূর্ণ |
| | Happy- সুখী | Intimate- অন্তরঙ্গ |

**Synonym:** boon, clubbable, clubby, companionable, convivial, extroverted, gregarious, outgoing.
**Antonym:** insociable, introverted, nongregarious, reclusive, unsociable, unsocial, nonsocial.

**11. Use the appropriate form of the verb: The town where I live is very different now. It (change) a lot.**
a) has changed b) has been changing
c) is changing d) changed **Ans:a**

তথ্য:
- অতীতে সংঘটিত কোনো কাজের ফলাফল এখনও বর্তমানে টিকে রয়েছে বোঝাতে Present Perfect tense ব্যবহৃত হয়।
- Structure: Subject+ have/has + মূল verb এর past participle +extension
- এছাড়াও, কোনো Sentence এ just, just now, already, yet, never, ever, lately, recently ইত্যাদি adverb এবং so far, up to now, up to the present ইত্যাদি adverbial phrase থাকলে present perfect tense হয়। যেমন:

We have never had a car, I have eaten lunch.
They haven't written their reports yet.

**12. The noun form of the word 'waste' is-**
a) wasting b) wastage
c) wasteful d) waste **Ans:b**

তথ্য:

| Noun | Verb | Adjective | Adverb |
|---|---|---|---|
| **Wastage** | **Waste** | Wasteful | Wastefully |
| Weight | Weigh | Weighty | Weightily |
| Wisdom | --- | Wise | Wisely |
| Weakness | Weaken | Weak | Weakly |

**13. Choose the correct passive form to the following active sentence: My friend kept me waiting-**
a) My friend kept me waited
b) I was kept being waiting by my friend.
c) I was kept waiting by my friend
d) My friend asked me to wait and did not return **Ans:c**

তথ্য:
- Past indefinite tense এরActive voice এ Auxiliary verb না থাকলে তাকে passive voice করতে হলে নিচের নিয়ম অনুসারে করতে হবে। যথা:

**Active:** Subject + Verb ($V_2$) + Object.
**Passive:** Object টির Subject form + (was/were) + V3 + by + Subject টির object form.
**Example:** Active: Rupa sang a song.
Passive: A song was sung by Rupa.

**14. Find the correctly spelled word:**
a) Embarrass b) Guarrantee
c) Questionnaire d) Ocurrence **Ans: a&c**

তথ্য: কিছু গুরুত্বপূর্ণ **Correct Spelling:**

| | | | |
|---|---|---|---|
| Embarrass | Questionnaire | Quorum | Quarrel |
| Quizzical | Quarantine | Quandary | Quibble |
| Embassy | Exaggeration | Excessive | Exaggerate |

**15. The correct adjective form of the word 'Mars' is-**
a) Marsian b) Marsean
c) Martain d) Martean **Ans:c**

তথ্য:

| Noun | Adjective | Noun | Adjective |
|---|---|---|---|
| Mars | Martian | Marriage | Nuptial |
| Milk | Lacteal | Month | Menstrual |
| Mouth | Oral | Mother | Maternal |
| Moon | Lunar | Mind | Mental |

## সাধারণজ্ঞান- ৩০

**১. কর অন্তর্ভুক্ত রাজস্ব নয়-**
ক) নন-জুডিশিয়াল স্ট্যাম্প খ) আবগারি শুল্ক
গ) রেজিস্ট্রেশন ফি ঘ) টোল ও লেভি **উত্তর:ঘ**

তথ্য:
- কর রাজস্ব বলতে বুঝায় আয়কর, মূল্য সংযোজন কর, বাণিজ্য শুল্ক, আবগারি শুল্ক, সম্পূরক শুল্ক, ভূমি রাজস্ব, নন-জুডিশিয়াল স্ট্যাম্প ও অন্যান্য কর সমূহ।
- কর বহির্ভূত রাজস্ব বলতে বুঝায় সরকারি প্রতিষ্ঠান হতে লভ্যাংশ ও মুনাফা, সুদ, সরকারি সেবা খাত থেকে প্রাপ্ত আয় এবং দণ্ড ও জরিমানা।
- টোল ও লেভি এক ধরনের বিশেষ রাজস্ব, যেটি কর অন্তর্ভুক্ত, যেটি কর অন্তর্ভুক্ত রাজস্ব নয়।

**২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন তিনটি অনুষদ হলো-**
ক) কলা, বিজ্ঞান ও আইন খ) কলা, বাণিজ্য ও জীববিজ্ঞান
গ) কলা, বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান
ঘ) কলা, বিজ্ঞান ও বাণিজ্য **উত্তর:ক**

তথ্য:
- ১৯১২ সালের ২ ফেব্রুয়ারি ঢাকায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন তৎকালীন ব্রিটিশ ভারতের ভাইসরয় লর্ড হার্ডিঞ্জ।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ২৭ মে ১৯১২ সালে নাথান কমিশন গঠন করা হয়।
- তৎকালীন ব্রিটিশ গভর্নর লর্ড হার্ডিঞ্জ ব্যারিস্টার রবার্ট নাথানকে সভাপতি করে নাথান কমিশন গঠন করে।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- পরবর্তীতে উক্ত কমিশনের ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়- ১ জুলাই, ১৯২১ সালে।
- ১ জুলাই দিনটি প্রতিবছর "ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস" হিসেবে পালন করা হয়।
- ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু হয়- তিনটি অনুষদ (কলা, বিজ্ঞান ও আইন) ও ১২টি বিভাগ নিয়ে।
- প্রথম শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে মোট ছাত্রছাত্রীর সংখ্যা ছিল- ৮৭৭ জন এবং শিক্ষক সংখ্যা ছিল- ৬০ জন।
- এই বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী- লীলা নাগ (ইংরেজি বিভাগ)।

৩. যেটি জলবায়ুর নিয়ামক নয়-
ক) তাপমাত্রা খ) বায়ু গ) আর্দ্রতা ঘ) ভূমিকম্প উত্তর:ঘ

তথ্য:
- কোনো একটি অঞ্চলের সাধারণত ৩০-৪০ বছরের গড় আবহাওয়ার অবস্থাকে জলবায়ু বলে।
- জলবায়ু- ২ প্রকার। সমভাবাপন্ন জলবায়ু ও চরমভাবাপন্ন জলবায়ু।
- বাংলাদেশের জলবায়ু- সমভাবাপন্ন।
- জলবায়ুর নিয়ামকগুলো- তাপমাত্রা, আর্দ্রতা, বায়ু প্রবাহ, অক্ষাংশ, উচ্চতা, সমুদ্র থেকে দূরত্ব, সমুদ্রস্রোত, পর্বতের অবস্থান, ভূমির ঢাল, মৃত্তিকার গঠন, বনভূমির অবস্থান ইত্যাদি।
- অপর দিকে ভূমিকম্প একটি প্রাকৃতিক দুর্যোগ যেটি জলবায়ুর নিয়ামক নয়।

৪. বঙ্গবন্ধুর ৭মার্চের ভাষণ বাংলাদেশের সংবিধানের যে তফসিলে বর্ণিত রয়েছে?
ক) ৩য় খ) ৪র্থ গ) ৫ম ঘ) ৬ষ্ঠ উত্তর:গ

তথ্য:
- একটি রাষ্ট্রের সর্বোচ্চ আইন- সংবিধান।
- বাংলাদেশের সংবিধান- দুষ্পরিবর্তনীয় এবং লিখিত।
- বাংলাদেশ সংবিধানের মূলনীতি- ৪টি।
- বাংলাদেশ সংবিধানের অধ্যায় বা ভাগ- ১১টি।
- বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ- ১৫৩টি।
- বাংলাদেশ সংবিধানে এ পর্যন্ত সংশোধনী আনা হয়েছে- ১৭টি।
- বাংলাদেশের সংবিধান শুরু প্রস্তাবনা দিয়ে এবং ৭ টি তফসিল দিয়ে শেষ হয়েছে।

| বাংলাদেশের সংবিধানের তফসিল: | |
|---|---|
| প্রথম তফসিল | অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন |
| দ্বিতীয় তফসিল | রাষ্ট্রপতি নির্বাচন (বিলুপ্ত) |
| তৃতীয় তফসিল | শপথ ও ঘোষণা |
| চতুর্থ তফসিল | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানবলী |
| পঞ্চম তফসিল | ১৯৭১ সালের ৭ মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ। |
| ষষ্ঠ তফসিল | ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্য রাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা। |
| সপ্তম তফসিল | ১৯৭১ সালের ১০ এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র। |

৫. জানুয়ারি ২০২২-এর অনুষ্ঠিত বাংলাদেশ-নিউজিল্যান্ড টেস্ট সিরিজে সর্বোচ্চ উইকেট বাংলাদেশি ক্রিকেটারের নাম-
ক) সাকিব আল হাসান খ) তাসকিন আহমেদ
গ) তাইজুল ইসলাম ঘ) এবাদত হোসাইন উত্তর:ঘ

তথ্য:
- বাংলাদেশ টেস্ট স্ট্যাটাস লাভ করে- ২৬ জুন ২০০০ সালে।
- বাংলাদেশ প্রথম টেস্ট ম্যাচ খেলে- ভারতের সাথে (১০ নভেম্বর ২০০০ সালে)।
- টেস্টে বাংলাদেশ প্রথম জয় লাভ করে- জিম্বাবুয়ের বিরুদ্ধে ২২৬ রানে (৩৫তম ম্যাচে)।
- এবাদত হোসেন ১ জানুয়ারি থেকে ৫ জানুয়ারি অনুষ্ঠিত নিউজিল্যান্ডের বিপক্ষে প্রথম টেস্টে উইকেট পায়-৭টি।
- ৯ থেকে ১৩ জানুয়ারি অনুষ্ঠিত দ্বিতীয় ম্যাচে ২ উইকেট সহ ৯ উইকেট সংগ্রহকারী একমাত্র বাংলাদেশী এবাদত হোসেন।
- এবাদত হোসেন বাংলাদেশ বিমানবাহিনীর একজন সৈনিক।

৬. যেটি সাম্প্রতিক সময়ের ঘূর্ণিঝড়ের নাম-
ক) গতি খ) নার্গিস গ) অশনি ঘ) তুফান উত্তর: গ

তথ্য:
- 'অশনি' বঙ্গোপসাগরের একটি ক্রান্তীয় ঘূর্ণিঝড়।
- ঘূর্ণিঝড় 'অশনি' ৭ মে ২০২২ থেকে ১২ মে, ২০২২ পর্যন্ত সক্রিয় ছিল।
- 'অশনি' শব্দের অর্থ- ক্রোধ (সিংহলি ভাষায়)।
- সমুদ্রবন্দরের জন্য ঘূর্ণিঝড়ের সতর্কতা ও হুঁশিয়ারী সংকেত- ১১টি।
- ১ হতে ৪ নম্বর সংকেত- দূরবর্তী হুশিয়ারি সংকেত; ৫ হতে ৭ নম্বর সংকেত- বিপদ সংকেত; ৮ হতে ১০ নম্বর সংকেত- মহাবিপদ সংকেত; ১১ নম্বর সংকেত- যোগাযোগ স্থাপনে ব্যর্থতা।
- নদীবন্দরের জন্য ঘূর্ণিঝড়ের সতর্কতা ও হুঁশিয়ারী সংকেত- ৪টি।
- নদীবন্দরে ১ নম্বর সংকেত- সতর্কতা সংকেত; ২ নম্বর সংকেত- হুঁশিয়ারি সংকেত; ৩ নম্বর সংকেত- বিপদ সংকেত; ৪ নম্বর সংকেত- মহাবিপদ সংকেত।

| বাংলাদেশে আঘাত হানা কয়েকটি ঘূর্ণিঝড়: | |
|---|---|
| ঘূর্ণিঝড় | তথ্য |
| সিত্রাং | সিত্রাং নামকরণ করে- থাইল্যান্ড। সিত্রাং শব্দটি ভিয়েতনামিজ। সিত্রাং অর্থ: পাতা। সিত্রাং এর উৎপত্তি- আন্দামান সাগর। বাংলাদেশে আঘাত হানে- ২৫ অক্টোবর ২০২২ সালে। |
| সিডর | সিডর অর্থ: চোখ। বাংলাদেশে আঘাত হানে- ২০০৭ সালে। |
| নার্গিস | নার্গিস অর্থ: ফুল। বাংলাদেশে আঘাত হানে- ২০০৮ সালে। |
| রেশমি | রেশমি অর্থ: কোমল বা মোলায়েম। বাংলাদেশে আঘাত হানে- ২০০৮ সালে। |
| আইলা | আইলা অর্থ: ডলফিন। বাংলাদেশে আঘাত হানে- ২০০৯ সালে। |

৭. মানবসম্পদ উন্নয়নের অন্যতম উপাদান হলো-
ক) পরিবেশ উন্নয়ন খ) বাজার সৃষ্টি
গ) চাহিদা সৃষ্টি ঘ) জনশক্তি আমদানি উত্তর:ক

তথ্য:
- মানবসম্পদ উন্নয়নের প্রধান ও মুখ্য উপাদান- শিক্ষা।
- মানবসম্পদ উন্নয়নের অন্যতম উপাদান- পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সুবিধা, খাদ্য ও পুষ্টি, পরিবহন, দক্ষ শ্রমিক, অবকাঠামোগত উন্নয়ন, কর্মসংস্থান ইত্যাদি।
- মানবসম্পদ উন্নয়নের জন্য প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের উন্নয়ন অপরিহার্য।
- পরিবেশ দূষিত থাকলে মানুষের স্বাস্থ্য হানি ঘটে এবং কর্মক্ষমতা হ্রাস পায়।
- সুতরাং পরিবেশ উন্নয়ন মানবসম্পদ উন্নয়নের একটি অপরিহার্য উপাদান।

৮. বাংলাদেশের যে জেলায় প্রথম সৌরবিদ্যুৎ প্রকল্প চালু হয়-
ক) নরসিংদী খ) পাবনা গ) নোয়াখালী ঘ) কুমিল্লা উত্তর:ক

তথ্য:
- বাংলাদেশে প্রথম সৌর-বিদ্যুৎ প্রকল্প চালু হয়- নরসিংদী জেলায়।
- ফ্রান্স সরকারের সহায়তায় নরসিংদী জেলার করিমপুর ও নাজিরপুরে প্রথম সৌরবিদ্যুৎ কেন্দ্র চালু হয়।
- বাংলাদেশের প্রথম ভাসমান সৌরবিদ্যুৎ কেন্দ্র নির্মিত হচ্ছে- মংলা।
- বাংলাদেশের প্রথম সরকারি সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়- কাপ্তাই, রাঙ্গামাটি।
- বাংলাদেশের বৃহত্তম সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়- টেকনাফ, কক্সবাজার।
- বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়- ঈশ্বরদী, পাবনা।
- বাংলাদেশের প্রথম কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়- পার্বতীপুর, দিনাজপুর।
- বাংলাদেশের প্রথম বায়ুভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়- সোনাগাজী, ফেনী।

৯. যেটি বাজারের বৈশিষ্ট্য নয়-
ক) নির্দিষ্ট স্থান খ) নির্ধারিত মূল্য
গ) নির্দিষ্ট দ্রব্য ঘ) পূর্বনির্ধারিত চুক্তি উত্তর:ক

তথ্য:
- অর্থনীতিতে বাজার বলতে কোন নির্দিষ্ট স্থানকে বুঝায় না বরং কোন দ্রব্যকে বুঝায় যা ক্রেতা ও বিক্রেতার মধ্যে প্রত্যক্ষ ও পরোক্ষ প্রতিযোগিতার মাধ্যমে একটি নির্ধারিত দামে ক্রয়-বিক্রয় হয়।
- সুতরাং নির্দিষ্ট স্থান বাজারের উপাদান নয়।

১০. কাতারে অনুষ্ঠিত হতে যাচ্ছে _______ ফিফা ফুটবল বিশ্বকাপ।
ক) ২০তম খ) ২১তম গ) ২২তম ঘ) ২৩তম উত্তর:গ

তথ্য:
- বিশ্ব ফুটবল সংস্থা- FIFA.
- FIFA এর পূর্ণরূপ- Federation of International Football Association.
- FIFA প্রতিষ্ঠিত হয়- ১৯০৪ সালে, প্যারিসে (ফ্রান্স)।
- FIFA এর সদর দপ্তর- জুরিখ, সুইজারল্যান্ড।



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়- ৪ বছর পরপর।
- প্রথম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়- ১৯৩০ সালে উরুগুয়ে।
- ২২ তম বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয়- কাতারে।
- ২২ তম বিশ্বকাপ ফুটবলে মোট দল ছিল- ৩২টি, ভেন্যু- ৮টি (৫টি আয়োজক শহরে)।
- পরবর্তী ২৩ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে- ২০২৬ সালে।
- ২৩ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে- মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে।
- ২৩ তম বিশ্বকাপ ফুটবলে মোট কতটি দল- ৪৮টি, ভেন্যু- ১৬টি।
- ২৩ তম বিশ্বকাপ ফুটবলের আয়োজক- ফিফা।

**১১. ইভএম দ্বারা বোঝায় (EVM stands for)-**

ক) Elastic voting Machine
খ) Electric voting Machine
গ) Electronic Voting Machine
ঘ) Efficient Voting Machine উত্তর: গ

তথ্য:
- EVM- Electronic Voting Machin. ই-ভোটিং নামেও পরিচিত।
- ইভিএম পদ্ধতি চালু হয়- ১৯৬০ সালে।
- EVM এর প্রস্তুতকারী প্রতিষ্ঠান- পাইল্যাব বাংলাদেশ।
- বাংলাদেশে প্রথম EVM ব্যবহৃত হয় ২০১০ সালের ১৭ জুন চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে।
- দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে প্রথম ইভিএম এর মাধ্যমে ভোট প্রদান করা হয় ভারতের জাতীয় নির্বাচনে।
- ইভিএম এর মাধ্যমে ব্যালট পেপারে সীল না দিয়ে এর পরিবর্তে যে কোন একটি ভোট সুইচ চাপলেই ভোট দেওয়া হয়ে যায়।

**১২. জাতিসংঘ কর্তৃক স্বীকৃত দাপ্তরিক ভাষার সংখ্যা –**

ক) ৪ খ) ৫ গ) ৬ ঘ) ৭ উত্তর:গ

তথ্য:
- জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়- ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে।
- জাতিসংঘ দিবস- ২৪ অক্টোবর।
- জাতিসংঘের ইংরেজি নাম- United Nation Organization.
- জাতিসংঘের সদর দপ্তর- নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র)।
- জাতিসংঘের বর্তমান সদস্যদেশ- ১৯৩টি (সর্বশেষ সদস্য- দক্ষিণ সুদান)।
- জাতিসংঘের মোট ৬টি দাপ্তরিক ভাষা রয়েছে। যথা: ইংরেজি, চাইনিজ, মান্দারিন, রুশ, স্প্যানিশ, ফ্রেঞ্চ ও আরবি।

**১৩. জাতিসংঘের নারী উন্নয়ন বিষয়ক তহবিলের নাম-**

ক) ইউএন উইমেন (UN Women)
খ) ইউনিফেম (UNIFEM) গ) সমতা তহবিল (Equity Found)
ঘ) জেন্ডার সমতা তহবিল (Gender Equity Fund) উত্তর:খ

তথ্য:
- UNIFEM এর পূর্ণরূপ- United Nations Development Fund for Woman বা জাতিসংঘ নারী উন্নয়ন তহবিল।
- ইউনিফেম গঠিত হয়- ১৯৭৬ সালে।
- ইউনিফেম এর সদর দপ্তর- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- জাতিসংঘের নারী বিষয়ক সংস্থা- ইউএন উইমেন (UN Women).

**১৪. আঞ্চলিক সংকটে মোকাবেলায় বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ___ প্রস্তাব জাতিসংঘের এসক্যাপ-এর ৭৮তম অধিবেশনে উপস্থাপিত হয়েছে।**

ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি উত্তর:ঘ

তথ্য:
- জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশন (এসক্যাপ) এর ৭৮তম অধিবেশন হয়- ২৩ মে, ২০২২ সালে।
- এসক্যাপের উক্ত অধিবেশনে সম্প্রচারিত ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫টি প্রস্তাব করেন।
- করোনা মহামারি ও রাশিয়া ইউক্রেন সংঘাতের পটভূমিতে আঞ্চলিক সংকট মোকাবিলায় অর্থনৈতিক সহযোগিতা জোরদারে এই প্রস্তাবগুলো দেওয়া হয়।

**১৫. প্রান্তিক উপযোগ হ্রাসের কারণ-**

ক) ভোগের হ্রাস খ) ভোগের বৃদ্ধি
গ) মূল্য বৃদ্ধি ঘ) চাহিদা বৃদ্ধি উত্তর:খ

তথ্য:
- প্রান্তিক উপযোগ বলতে বুঝায় কোন দ্রব্যের ভোগ এক একক বৃদ্ধির ফলে যে বাড়তি বা অতিরিক্ত উপযোগ পাওয়া যায় তাকে। অর্থাৎ প্রান্তিক উপযোগ ভোগের সাথে সম্পর্কিত।
- ভোগ ক্রমাগত বৃদ্ধি পেতে থাকলে প্রান্তিক উপযোগ হ্রাস পায়।

**১৬. 'জয় বাংলা' জাতীয় স্লোগান হিসেবে ঘোষিত হয়-**

ক) ২ মার্চ ২০২২ খ) ১ মার্চ ২০২২
গ) ৭ মার্চ ২০২২ ঘ) ২৬ মার্চ ২০২২ উত্তর:ক

তথ্য:
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনের এক সভায় তৎকালীন ছাত্র আফতাব উদ্দিন আহম্মদ সর্বপ্রথম 'জয় বাংলা' স্লোগান দেয়- ১৫ সেপ্টেম্বর, ১৯৬৯
- ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রথম জনসম্মুখে 'জয় বাংলা' স্লোগান ধ্বণিত হয়- ৪ জানুয়ারি, ১৯৭০ সালে।
- বাংলাদেশ হাইকোর্ট বিভাগ এক রায়ে 'জয় বাংলাকে' জাতীয় স্লোগান হিসাবে ঘোষণা দেন- ১০ মার্চ, ২০২০
- মন্ত্রিসভার বৈঠকে 'জয় বাংলা' স্লোগানকে জাতীয় স্লোগান করার সিদ্ধান্ত নেওয়া হয়- ২০ ফেব্রুয়ারি, ২০২২
- মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপনটি গেজেট আকারে প্রকাশ হয়- ২ মার্চ, ২০২২

**১৭. বাংলা ভাষা ও সাহিত্যের বিশেষ সমৃদ্ধি ঘটেছিল যে শাসকের আমলে ?**

ক) আলাউদ্দিন হোসেন শাহ খ) ফখরুদ্দিন মোবারক শাহ্
গ) সুবেদার শায়েস্তা খান ঘ) শের শাহ সুরি উত্তর: ক

তথ্য:
- বাংলার স্বাধীন সুলতানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ শাসক- আলাউদ্দিন হোসেন শাহ।
- বাংলা ভাষা ও সাহিত্যের বিশেষ সমৃদ্ধি, জ্ঞান-বিজ্ঞান ও শিল্পকলার অভাবিত উন্নতি সাধিত হয়।
- তার আমলের কবিদের মধ্যে যশোরাজ খান, মালাধর বসু, বিজয়গুপ্ত, বিপ্রদাস, সনাতন গোস্বামী, পরাগাল খান উল্লেখযোগ্য।
- এজন্য তার শাসন যুগকে ইতিহাসে স্বর্ণযুগ বলা হয়।
- বাংলার প্রথম স্বাধীন সুলতান- ফখরুদ্দিন মোবারক শাহ্।
- তিনি সোনারগাঁয়ের শাসন ক্ষমতা দখল করে স্বাধীনতা ঘোষণা করেন।

**১৮. ডায়নামিক ওয়েবসাইটের বৈশিষ্ঠ্য নয়-**

ক) হালনাগাদ তথ্য খ) ব্যবহারকারী- নির্দিষ্ট পেইজ প্রদর্শন
গ) সহজ উন্নয়নব্যবস্থা ঘ) আকর্ষণীয় লে আউট উত্তর:গ

তথ্য:
- যে সকল ওয়েবসাইটের ডেটার মান ওয়েব টেকনোলজি লোডিং বা পেইজ চালু করার পর পরিবর্তন করা যায় তাকে ডায়নামিক ওয়েবসাইট বলে।
- অর্থাৎ ডায়নামিক ওয়েবসাইট হলো- যে ওয়েবসাইটের কন্টেন্ট চালু করা পর্যন্ত পরিবর্তন করা যায়।

☑ ডায়নামিক ওয়েবসাইটের বৈশিষ্ঠ্য:

- ডাটাবেসে সুবিধা থাকার কারণে তথ্য হালনাগাদ সহজ
- নির্দিষ্ট পেইজ প্রদর্শন ব্যবস্থা করা যায়।
- আকর্ষনীয়ভাবে সাজানো যায়।
- আপডেট করে পুনরায় আপলোড করা যায়।
- ডেভোলপমেন্ট ও নিয়ন্ত্রণ করা জটিল এবং খরচ বেশী সুতরাং সহজ উন্নয়ণ ব্যবস্থা ডাইনামিক ওয়েবসাইটের বৈশিষ্ট নয়।

**১৯. জি-৭ ভুক্ত একমাত্র এশীয় রাষ্ট্র হলো-**

ক) ভারত খ) চিন গ) রাশিয়া ঘ) জাপান উত্তর:ঘ

তথ্য:
- বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের জোট- G-7
- G-7 এর পূর্ণরূপ- Group of Seven।
- G-7 এর লক্ষ্য ও উদ্দেশ্য- সদস্য দেশগুলোর পারস্পারিক অর্থনৈতিক সহযোগিতা।
- G-7 প্রতিষ্ঠিত হয়- ১৫ নভেম্বর, ১৯৭৫ সাল।
- G-7 এর সদর দপ্তর নেই।
- G-7 একমাত্র এশীয় দেশ- জাপান।
- রাশিয়া ১৯৯৮ সালে এ জোটের সদস্য হলে G-8 নামধারণ করে।
- ক্রিমিয়া সংকটকে কেন্দ্র করে ২০১৪ সালে রাশিয়া জোট হতে নাম প্রত্যাহার করে নেয়।
- জোটটি বর্তমানে G-7 নামে পরিচিত।

**২০. জরুরি সেবা-নম্বর '১০৫' এ ফোন করলে যে সেবা পাওয়া যায়?**

ক) অ্যাম্বুলেন্স খ) কোভিড-১৯ টিকা
গ) অগ্নি-নির্বাপন ঘ) জাতীয় পরিচয়পত্র উত্তর:ঘ

তথ্য:
- বাংলাদেশের জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯.

বাংলাদেশের জরুরি সেবার অনান্য হটলাইন নম্বর



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

| নম্বর | জরুরি সেবা সমূহ |
|---|---|
| ৯৯৯ | বাংলাদেশের জাতীয় জরুরি কল সেন্টার (পুলিশ, ফায়ার সার্ভিস ও এ্যাম্বুলেন্স সাহায্য)। |
| ১০৫ | জাতীয় পরিচয়পত্র |
| ১০৬ | দুর্নীতি দমন কমিশনের কল সেন্টার |
| ১০৯ | নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধ সেবা |
| ৩৩৩ | জাতীয় তথ্য বাতায়ন কল সেন্টার |
| ১০৯৮ | শিশু সহায়তামূলক কল সেন্টার |
| ১৬১০৮ | মানবাধিকার সহায়তা কল সেন্টার |
| ১৬৪৩০ | সরকারি আইনি সহায়তা কল সেন্টার |
| ১৬২৬৩ | বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সহায়তা কল সেন্টার |
| ১৬১২৩ | কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ বিষয়ক পরামর্শ |

২১. পৃথিবীর নবীনতম প্রজাতন্ত্রী দেশের নাম-
ক) বার্বাডোজ খ) ত্রিনিদাদ গ) সামোয়া ঘ) বুরুন্ডি উত্তর:ক

তথ্য:
- পৃথিবীর নবীনতম (১৫০তম) স্বাধীন প্রজাতান্ত্রিক রাষ্ট্র ক্যারিবীয় সাগরের দ্বীপদেশ- বার্বাডোজ।
- ব্রিটিশ কর্তৃক প্রায় ৪০০ বছর (১৫২৫-২০২১) বছরের রাজতন্ত্রের অবসান ঘটিয়ে প্রজাতান্ত্রিক রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে- ৩০ নভেম্বর, ২০২১ সালে।
- দেশটির প্রধান হিসেবে দায়িত্বগ্রহণ করেন- ড্যাম সান্দ্রা ম্যাসন।
- বার্বাডোজ এর রাজধানী-ব্রিজটাউন।
- বার্বাডোজ এর মুদ্রা- ডলার।

২২. 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' বাস্তবায়নে সহায়তাকারী দেশ-
ক) যুক্তরাজ্য খ) চিন
গ) নেদারল্যান্ডস ঘ) জার্মানি উত্তর:গ

তথ্য:
- 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান (ব- দ্বীপ পরিকল্পনা)- ২১০০' হলো- জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকির কারণে কাঙ্ক্ষিত উন্নয়নের দীর্ঘমেয়াদী চ্যালেঞ্জগুলো মোকাবিলার পরিকল্পনা।
- Delta Plan (ব-দ্বীপ পরিকল্পনা) মেয়াদকাল- ২১০০ সাল।
- ব- দ্বীপ পরিকল্পনা প্রণীত হয়েছে- নেদারল্যান্ডস'র ডেল্টা ব্যবস্থাপনার অনুসরণে।
- 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান- ২১০০' প্রণয়নে সার্বিক সহযোগিতা করেছে- নেদারল্যান্ডস।
- 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' প্রণয়ন করেছে- বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (GED).
- 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' গড়ে তুলেছেন- ড. শামসুল আলম।
- 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' সংশ্লিষ্ট নির্দিষ্ট অভীষ্ট- ৬টি।
- 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' প্রথম পর্যায়ের মেয়াদ- ২০৩১ সাল।
- দ্বিতীয় পর্যায়ের মেয়াদকাল- ২০৩১ হতে ২০৫০ সাল।
- তৃতীয় পর্যায়ের মেয়াদকাল- ২০৫০ হতে ২১০০ সাল।

২৩. 'মারিওপোল' ইউক্রেনের-
ক) একটি বিমান ঘাঁটি খ) একটি সাবমেরিন
গ) একটি বন্দরনগরী ঘ) একটি বিনোদন কেন্দ্র উত্তর:গ

তথ্য:
- 'মারিওপোল' ইউক্রেনের একটি বন্দর নগরী।
- 'মারিওপোল' ইউক্রেনের দক্ষিণ-পূর্বে কালমিয়াস এবং কালচিক নদীর মুখে আজভ সাগরের উত্তর উপকূলে অবস্থিত ইউক্রেনের দশম বৃহত্তম শহর।
- শহরটি ১৭৭৮ সালে ক্রিমিয়ার গ্রীক বসতি স্থাপনাকারীদের দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।
- মারিওপোল এর আয়তন- ২৪৪ বর্গকিলোমিটার।
- ২১ এপ্রিল, ২০২২ মারিওপোলকে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার দাবি করে বন্দরটিকে স্বাধীন ঘোষণা করে- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

২৪. "সুবর্ণ জয়ন্তী বাংলাদেশ কনসার্ট" শীর্ষক অনুষ্ঠান যে স্থানে আয়োজিত হয়-
ক) ম্যাডিসন স্কোয়ার গার্ডেন খ) রয়াল আলবার্ট হল
গ) সিডনি অপেরা হাউজ ঘ) ওয়াল্ট ডিজনি কনসার্ট হল উত্তর:ক

তথ্য:
- মহান স্বাধীনতা দিবসের ৫০ বছর পূর্তি (সুবর্ণজয়ন্তী) উপলক্ষে 'গোল্ডেন জুবলি বাংলাদেশ কনসার্ট' অনুষ্ঠিত হয়- ম্যাডিসন স্কোয়ার গার্ডেন, যুক্তরাষ্ট্র।
- 'সুবর্ণ জয়ন্তী বাংলাদেশ কনসার্ট' অনুষ্ঠিত হয়- ৬ মে, ২০২২ সালে।
- বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় এটি সম্পূর্ণ হয়।
- এ কনসার্টের প্রতিপাদ্য ছিল- লেট দ্য মিউজিক স্পিক।
- এই কনসার্ট থেকে অর্জিত অর্থ সাইবার নিরাপত্তায় ইউএনডিপির তহবিলে দেওয়া হয়।
- সঙ্গীত পরিবেশন করেন: জার্মান ব্যান্ড দল- স্করপিয়নস এবং বাংলাদেশের- চিরকুট।
- ১৯৭১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে বাংলাদেশের সাহায্যের জন্য "Concert for Bangladesh" আয়োজন করেন জর্জ হ্যারিসন (যুক্তরাজ্য) ও পণ্ডিত রবি শংকর (ভারত)।

২৫. 'নিজেকে জানো'- উক্তিটি যার ?
ক) সক্রেটিস খ) প্লেটো
গ) পিথাগোরাস ঘ) গৌতম বৌদ্ধ উত্তর:ক

তথ্য:
- প্রচীন গ্রীক দার্শনিক সাক্রেটিস ৪৬৯ খ্রিস্টপূর্বে জন্মগ্রহণ করেন।
- তিনি দ্বান্দিক পদ্ধতিতে শিক্ষাদান করতেন।
- সাক্রেটিস ৩৯৯ খ্রি: পূ: হেমলোক পান করে তিনি মারা যান।

| গুরুত্বপূর্ণ কিছু উক্তি | |
|---|---|
| সক্রেটিস | ◆জ্ঞানই পূণ্য (Knowledge is virtue), ◆নিজেকে জানো (Know thyself) |
| প্লেটো | ◆Virtue is knowledge and Education is the main thing to aquir virtue. |
| এরিস্টটল | ◆মানুষ সামাজিক জীব ◆মানুষ রাজনৈতিক জীব ◆আইন হলো পক্ষপাতহীন যুক্তি। |
| হেগেল | ◆যা যৌক্তিক তাই বাস্তব ◆যা বাস্তব তাই যৌক্তিক |
| গ্ল্যাডস্টোন | ◆ Justice delayed is justice denied |

২৬. 'স্বর্ণ পাম'- চলচ্চিত্র উৎসবের মূখ্য পুরস্কার-
ক) ভেনিস খ) বার্লিন গ) কান ঘ) শিকাগো উত্তর:গ

তথ্য:
- কান চলচ্চিত্র উৎসব প্রবর্তন করা হয়- ১৯৩৯ সালে।
- কান চলচ্চিত্র উৎসবটি অনুষ্ঠিত হয়- বিখ্যাত কান শহরে, প্যারিস (ফ্রান্স)।
- কান চলচ্চিত্র অফিসিয়াল নাম- Festival de Kaan
- কান চলচ্চিত্র উৎসবের মূখ্য পুরস্কার- স্বর্ণ পাম (The Palmad/Golden Palm)
- 'স্বর্ণ পাম' পুরস্কারটি প্রথমে দেওয়া হয়- ১৯৫৫ সালে।
- ২০২২ সালের ৭৫তম কান চলচ্চিত্র উৎসবে স্বর্ণপাম পুরস্কার পান- ট্রায়াঙ্গেল অব স্যাডনেস' চলচ্চিত্র।
- চলচ্চিত্রটির পরিচালক- রুবেন অস্টল্যান্ড (সুইডেন)।

২৭. বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর ______ মন্ত্রাণালয়ের অধীনে-
ক) স্বরাষ্ট্র খ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন
গ) প্রতিরক্ষা ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ উত্তর:গ

তথ্য:
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর একটি বৈজ্ঞানিক ও কারিগরি প্রতিষ্ঠান।
- বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তরের ইংরেজি নাম-Bangladesh Meteorological Department (BMD).
- বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে।
- বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তরের সদর দপ্তর- আগারগাঁও(ঢাকা)।
- বাংলাদেশে আবহাওয়া অদিধপ্তরের আঞ্চলিক কেন্দ্র- ২টি, ঢাকা (Storm Warning Centre) ও চট্টগ্রাম (Meteorological and Geophysical Centre)।
- ১৯৮০ সালে প্রতিষ্ঠিত SPARRSO প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন।
- SPARRSO- মহাকাশ গবেষণা এবং দূর অনুধাবন কেন্দ্র।
- SPARRSO এর পূর্ণরূপ- Space Research and Remote Sensing Organization.
- SPARRSO- অবস্থিত- আগারগাঁও (ঢাকা)।

২৮. যে স্থানকে 'রাঙামাটির ছাদ' বলা হয়-
ক) হাজাড়ছা ঝরনা খ) সাজেক ভ্যালি
গ) যমচুগ বনবিহার ঘ) পেদা টিং টিং উত্তর:খ

তথ্য:
- সাজেক ভ্যালি রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার একটি ইউনিয়ন।
- সাজেক ভ্যালির সর্বোচ্চ উচ্চতা কংলাক পাড়া (১৮০০ফুট) অবস্থিত।
- এখান থেকে রাঙামাটির অনেকটা অংশ অবলোকন করা যায়। তাই এটিকে রাঙামাটির ছাদ বলা হয়।

২৯. 'এনআইসি' নিচের যেটির সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পর্কিত-
ক) ল্যান কার্ড খ) গ্রাফিক্স কার্ড
গ) মাইক্রো এসডি কার্ড ঘ) টিভি কার্ড উত্তর:ক

তথ্য:
- NIC (এনআইসির) পূর্ণরূপ- Network Information Center.



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

- এনআইসি একটি প্লাগইন কার্ড যা কম্পিউটারকে নেটওয়ার্কভুক্ত করে।
- দুই বা অধিক সংখ্যক কম্পিউটারকে একসঙ্গে যুক্ত করতে অবশ্যই প্রয়োজন ল্যান কার্ড।
- এনআইসি ল্যানকার্ডের সাথে সম্পর্কিত তাই একে ল্যান কার্ড বা নেটওয়ার্ক কার্ড ও বলে। নেটওয়ার্ক কার্ডের বৈশিষ্ট হলো- ৪৮বিটের একটি অদ্বিতীয় কোড বা ক্রমিক নম্বর থাকে, যার ফলে একটি কার্ডের সাথে অপরটির কোন মিল থাকে না। এই ক্রমিক নম্বরকে ম্যাক অ্যাড্রেস বলে। নেটওয়ার্কিং করার সময় নেটওয়ার্ক কার্ডে একটি আইপি অ্যাড্রেস বসাতে হয়।

৩০. 'টেকসই উন্নয়ন লক্ষ্য'- এর যে লক্ষ্যটি মানসম্মত শিক্ষা নিয়ে নিবিড়ভাবে আলোচনা করে-

ক) এসডিজি-৪ খ) এসডিজি-৩

গ) এসডিজি-৯ ঘ) এসডিজি-৮ উত্তর:ক

তথ্য:
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো ভবিষ্যৎ আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত এক গুচ্ছ লক্ষ্যমাত্রা।
- দারিদ্র দূরীকরণের লক্ষ্যে ২০০০ সালে জাতিসংঘের ঘোষিত ১৫ বছর মেয়াদী Millennium Development Goals এর ৮টি লক্ষ্যমাত্রা ছিল।
- এর মেয়াদ ছিল- ২০০০ থেকে ২০১৫ সাল পর্যন্ত।
- ২০১৫ সালের আগস্ট মাসে ১৯৩টি দেশের সম্মতিতে SDGs গৃহিত হয়।
- SDG এর পূর্ণরূপ- Sustanable Development Goals.
- SDG এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।
- SDG এর মোট ১৭ টি লক্ষ্যমাত্রা ও ১৬৯ টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

| SDG বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা: ১৭ টি | |
|---|---|
| ১. দারিদ্র দূরীকরণ | ২ ক্ষুধা মুক্তি |
| ৩. সুস্বাস্থ্য ও কল্যাণ | ৪. মানসম্মত শিক্ষা |
| ৫. লিঙ্গ সমতা | ৬. সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা |
| ৭. নবায়নযোগ্য ও ব্যয়সাধ্য জ্বালানী | ৮. কর্মসংস্থান ও অর্থনীতি |
| ৯. উদ্ভাবন ও উন্নত অবকাঠামো | ১০. বৈষম্য হ্রাস |
| ১১. টেকসই নগর ও সম্প্রদায় | ১২. সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার |
| ১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ | ১৪. টেকসই মহাসাগর |
| ১৫. ভূমির টেকসই ব্যবহার | ১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান |
| ১৭. টেকসই উন্নয়নের জন্য অংশীদারিত্ব | |

## ঢাকা বিশ্ববিদ্যালয়

### খ- ইউনিট ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

সময়: ৪৫ মিনিট (লিখিত অংশ) পূর্ণমান: ৪০

## বাংলা

১. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঙ) উত্তর দাও। ২×৫ = ১০

চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য। রূপ জিনিসটি বড়ো কম নয়, কিন্তু মানুষের মধ্যে যাহা অন্তরতম এবং অনির্বচনীয়, আমার মনে হয় কণ্ঠস্বর যেন তারই চেহারা। আমি তাড়াতাড়ি গাড়িতে জানালা খুলিয়া বাহিরে মুখ বাড়াইয়া দিলাম, কিছুই দেখিলাম না। প্লাটফর্মের অন্ধকারে দাঁড়াইয়া গার্ড তারার একচক্ষু লণ্ঠন নাড়িয়া দিল, গাড়ি চলিল: আমি জানালার কাছে বসিয়া রহিলাম। আমার চোখের সামনে কোন মূর্তি ছিল না, কিন্তু হৃদয়ের মধ্যে আমি একটি হৃদয়ের রূপ দেখিতে লাগিলাম। সে যেন এই তারাময়ী রাত্রির মতো, আবৃত করিয়া ধরে কিন্তু তাহাকে ধরিতে পারা যায় না। ওগো সুর, অচেনা কন্ঠের সুর, এক নিমেষে তুমি যে আমার চিরপরিচয়ের আসনটির উপরে আসিয়া বসিয়াছ। কী আশ্চর্য পরিপূর্ণ তুমি- চঞ্চল কালের ক্ষুদ্র হৃদয়ের উপরে ফুলটির মতো ফুটিয়াছ, অথচ তার ঢেউ লাগিয়া একটি পাপড়িও টলে নাই, অপরিমেয় কোমলতায় এতটুকু দাগ পড়ে নাই।

ক) 'অন্তরতম' ও 'অনির্বচনীয়' শব্দ দুটির মাধ্যমে কথক কোন বিষয়টিকে নির্দেশ করেছেন ?

তথ্য: এখানে 'অন্তরতম' ও 'অনির্বচনীয়' শব্দ দ্বারা সুন্দর হৃদয় বা মনকে নির্দেশ করা হয়েছে। মানুষের ভেতরটা কেমন তা যেন তার কন্ঠের কোমলতায় প্রকাশ পায়। অথচ সেই হৃদয় বা মনকে কখনো ভাষায় প্রকাশ করা যায় না; তা কেবলই অন্তরতম ও অনির্বচনীয়।

খ) 'একচক্ষু লণ্ঠন' বলতে কী বোঝানো হয়েছে ?

তথ্য: এখানে একচক্ষু লণ্ঠন দ্বারা রেলগাড়ি ছাড়ার সংকেত বোঝানো হয়েছে। একদিকে খোলা তিনদিক ঢাকা বিশেষ এক ধরনের লণ্ঠনের নাম একচক্ষু লণ্ঠন।

গ) 'সে যেন এই তারাময়ী রাত্রির মতো'- উক্তিটির তাৎপর্য কী?

তথ্য: অনুপম তার হৃদয়ের রানি কল্যাণীকে স্পষ্টরূপে কল্পনা করতে না পারার আক্ষেপ থেকে কথাটা বলেছে। ট্রেনে অপরিচিতা নারীর কণ্ঠস্বর অনুপমকে এতই মুগ্ধ করেছে যে, সেই আশ্চর্য মধুর কণ্ঠ তার কল্পনার রানিকে স্মরণ করিয়ে দেয় যাকে কখনোই চর্মচক্ষে দেখা হয় নি। বাস্তবে বা ফটোগ্রাফিতে কখনোই দেখা হয় নি বলে মানুষের মধ্যে একটা সুন্দর হৃদয়মূর্তি কল্পনা করতে পারলেও নারী মূর্তিকে স্পষ্ট করে মনে আনতে পারে না, ঠিক তারাময়ী রাত্রিতে আলোর অনুজ্জ্বলতার কারণে সবকিছু যেমন অস্পষ্ট থাকে, কল্যাণীর মূর্তিটাও যেন অনুপমের নিকট তেমনি। আলোচ্য উক্তিটির দ্বারা এই দিকটি তাৎপর্যপূর্ণ করে তোলা হয়েছে।

ঘ) কখন কাকে 'তুমি' সম্বোধন করেছে?

তথ্য: 'তুমি' বলতে কথক এখানে অপরিচিতার আড়ালে কল্যাণীর অস্তিত্ব খুঁজেছেন। কল্যাণীকে পাওয়া হয়নি। কিন্তু কল্পনায় তাকে পাওয়ার বাসনা তার মন। চোখের সামনে তাকে দেখতে না পেয়েও হৃদয় সেই কণ্ঠস্বরের রূপ দেখে সে। অচেনা সেই 'তুমি' তার মনে নারী প্রতিমা হয়ে আসন গেড়েছে।

ঙ) অনুচ্ছেদটিতে কণ্ঠস্বরকে কীভাবে মহিমান্বিত করা হয়েছে ?

তথ্য: কণ্ঠস্বর অনুপমের কাছে চিরন্তর এক প্রতীতি। অচেনা সেই নারী রূপ প্রেম এই কণ্ঠস্বর। বাস্তবে কল্যাণীর সাথে পরিচয় ঘটলেও কণ্ঠের স্বর অনুপমের চেহারা হিসেবে দ্রতিভাত হয়েছে।

২. সারমর্ম লেখ: ৫

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে  
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে।  
যে জাতি জীবনহারা অচল আসাড়  
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।  
সর্বজন সর্বক্ষণ চলে যেই পথে  
তৃণগুল্ম সেথা নাহি জন্মে কোন মতে।  
যে জাতি চলে না কভু তারি পথ পরে  
তন্ত্র-মন্ত্র-সংহিতায় চরণ না সরে।

তথ্য: আলস্য, কর্মবিমুখতা, স্থবিরতা ও মানবজীবনে কুসংস্কার, জীর্ণতা ও সংকীর্ণ লোকাচার প্রতিষ্ঠার সহায়ক। তাই পার্থিব উন্নয়নে গতিশীল কর্মমুখী জীবন গড়াই সবার কাম্য হওয়া উচিত। কোন জাতি যদি তার গতি হারিয়ে ফেলে তবে তা একসময় অচল ও প্রাণশূন্য হবে বাধ্য।

৩. নিচের গদ্যাংশ থেকে নিম্নরেখ-চিহ্নিত বিশেষ্য পদকে বিশেষণে ও বিশেষণ পদকে বিশেষ্য পরিবর্তন কর: এবং বাঁকা হরফে চিহ্নিত অংশগুলোর বিপরীতার্থক রূপ নির্দেশ কর: ৫

দেশের যারা *শত্রু*, দেশের যা-কিছু মিথ্যা, <u>ভণ্ডামি</u>, *মেকি* তা সব দূর করতে <u>প্রয়োজন</u> হবে আগুনের সম্মার্জনা! আমার এমন *গুরু* কেউ নেই, যার খাতিরে সে আগুন-সত্যকে <u>অস্বীকার</u> করে করুন মিথ্যা বা ভণ্ডামিকে *প্রশ্রয়* দেবে আমি সে *দাসত্ব* হতে *সম্পূর্ণ* <u>মুক্ত</u>।

তথ্য:

| বিশেষ্য থেকে বিশেষণ বা বিশেষণ থেকে বিশেষ্য | | | |
|---|---|---|---|
| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
| ভণ্ডামি | ভণ্ড | প্রয়োজন | প্রয়োজনীয় |
| অস্বীকার | অস্বীকৃত | মুক্তি | মুক্ত |

| বিপরীতার্থক রূপ | | | |
|---|---|---|---|
| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
| শত্রু | মিত্র | মেকি | প্রাকৃতিক/সত্য/আসল |
| গুরু | শিষ্য | প্রশ্রয় | প্রশমন/দমন |
| দাসত্ব | স্বতঃপ্রবৃত্ত | সম্পূর্ণ | অসম্পূর্ণ |

## General English

4. Write a paragraph on "The Impact of Climate Change on Banglasesh". 10

তথ্য: **'The impact of climate change on Bangladesh'**

Long-term variation in temperatures and weather patterns is known as climate change. The frequent



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

shift of climate in Bangladesh has been showing a number of devastating effects, such as, rising sea level, floods and intensifying cyclones, Firstly, Rising sea level is a growing threat to people all around Bangladesh.

To illustrate, Two-thirds of the land of this country is less then fifteen feet above sea level. So, the increase of sea level might cause extinction of huge low land area, Respondingly, The dwellers of the area may have to migrate from their own land. Secondly, Climate change is making rainfall more erratic and often far more intense.

In terms of Bangladesh, this rality has recently become quite evident, Because of irregular rain and melting the Himalayan glaciers, Bangladesh is now far more vulnerable to devastating floods, Lastly and more importantly, The Bay of Bangla narrows towards its northern shore whare it meets the south of coast Bangladesh. This narrowing can both direct cyclones towards Bangladesh's coast and make them more intense.

To conclude, to minimize climate change, some immediate steps could be taken such as planting more trees, reducing the use of CFC gases, using electric vehicles, recycling plastic materials, In a word, People should practice eco-friendly behaviors to protect the nature as well as themselves.

**5. Read the following poem and explain (5 sentences max.) why you agree or disagree with the idea expressed in the text: 1×5 = 5**

**Hold fast to dreasms**
**For if dreams die**
**Life is a broken-winged bird**
**That cannot fly**
**Hold fast when dreasms go**
**For when dreams go**
**Life is a barren field**
**Frozen with snow**

তথ্য: The following poem, Dream written by Langston Hughes, motivates us to be consistent in pursuing dream. In the first stanza of the poem, with a smile the writer motivates us to dream; because, without dream life becomes as meaningless as a bird without wings, In the second stanza, the writer reinforces the importance of dream by saying that without fream file will become as worthless as land with frozen snow. It is widely agreed that life is a summation of dream. The constructive one can dream, the effective outcome he will eventually get.

**6. Write a meaningful sentence of your own with each of the following words: 1×5 = 5**

| Isolation | Pleasant | Marvel | Vanity | Eliminate |
|---|---|---|---|---|

তথ্য:

| | |
|---|---|
| Isolation | Because of isolation, we are having a very difficult time during pandemic. |
| Pleasant | Kuakata offers very pleasant eyesight for the visitor. |
| Marvel | We were pleased at the marvel of the padma bridge. |
| Vanity | The reason of his failure is his vanity. |
| Eliminate | We should eliminate poverty rate. |

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## খ- ইউনিট ভর্তি পরীক্ষা ২০২০-২০২১

সময়: ৫০মিনিট (MCQ অংশ) পূর্ণমান: ৭৫

## বাংলা- ১৫

**সংক্ষিপ্ত সিলেবাস ২০২২ অনুসারে**

১. "এখন থেকে কারও শান্তিতে আর কোনো রকম বিঘ্ন ঘটবে না।" সিরাজউদ্দৌলা নাটকে যিনি এই আশাবাদ করেছেন-
ক) মিরজাফর খ) ক্লাইভ
গ) মিরন ঘ) উমিচাঁদ উত্তর:ক

তথ্য: ▪ মিরজাফর ক্ষমতাগ্রহণের পর দেশবাসীর উদ্দেশ্যে বলেন- 'দেশবাসীকে আমি আশ্বাস দিচ্ছি যে, তাঁদের দুর্ভোগের অবসান হয়েছে। সিরাজউদ্দৌলার অত্যাচারের হাত থেকে তাঁরা নিষ্কৃতি পেয়েছেন। 'এখান থেকে কারও শান্তিতে আর কোনো রকম বিঘ্ন ঘটবে না।'
মিরজাফরের গুরুত্বপূর্ণ কিছু উক্তি:
- কর্নেল সাহেব হাত ধরে তুলে না দিলে আমি মসনদে বসবো না।
- সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো।
- শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।
- চিঠিপত্র যত কম দেওয়া যায় ততই ভালো।

২. "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতায় 'রক্তের বুদ্বুদ' বলতে বোঝানো হয়েছে-
ক) রক্তের তেজ খ) শহিদের স্মৃতি
গ) অবিনাশী বর্ণমালা ঘ) কৃষ্ণচূড়া ফুল উত্তর:খ

তথ্য: "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতা অংশ থেকে: কখনো মিছিলে কখনো-বা একা হেঁটে যেতে যেতে মনে হয়-ফুল নয়, ওরা শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর।
'ফেব্রুয়ারি ১৯৬৯' থেকে গুরুত্বপূর্ণ তথ্য-
- আমাদের চেতনার রং কোন রংয়ের বিস্তার?- একুশের কৃষ্ণচূড়ার বিপরীত রং।
- সালামের 'ফ্ল্যাগ' এর প্রকৃত অর্থ কী?— হাত।
- ফুল কোথায় ফোটে?— হৃদয়ের হরিৎ উপত্যকায়।
- 'ফেব্রুয়ারি ১৯৬৯' কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?— নিজ বাসভূমে।

৩. **'A cat in gloves catches no mice'**-এর সমার্থক বাংলা প্রবাদ-
ক) বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা সহজ নয়
খ) বিনা মেঘে বজ্রপাত
গ) সোজা আঙ্গুলে ঘি ওঠে না ঘ) অতি দর্পে হত লঙ্কা উত্তর:গ

তথ্য: গুরুত্বপূর্ণ কিছু সমার্থক বাংলা প্রবাদ:
- অতিদর্পে হত লংকা- Pride goes before destruction.
- বিনা মেঘে বজ্রপাত- A bolt from the blue.
- চাচা আপন প্রাণ বাঁচা- Self reservation is the first law of Nature.
- এক হাতে তালি বাজে না- Bad workman, Quarrels with his tools.
- বিপদ কখনো একা আসে না- Misfortune never comes alone.
- বলা সহজ করা কঠিন- Easier said than done.

৪. 'মিলিটারি যাদের পছন্দ করছে, তাদের ঠেলে দিচ্ছে পেছনে দাঁড়ানো একটি লরির দিকে।' উক্তিটির অন্তর্নিহিত অর্থে প্রকাশিত হয়েছে-
ক) শ্লেষ খ) কৌতুক গ) ক্ষোভ ঘ) অনিশ্চয়তা উত্তর:ঘ

তথ্য:
- মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে রচিত রেইনকোট গল্পটি।
- এসব হলো পাকিস্তানের ইন্টারনাল অ্যাফেয়ার উক্তিটি: কিসিনজার সাহেবের।
- "মিলিটারি যাদের ধরে, মিছেমিছি ধরে না" উক্তিটি: কলেজ প্রিন্সিপাল ড.আফাজ আহমদের।
- নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন? — কেমিস্ট্রি।
- মিলিটারি কার কোয়ার্টারের সাথে থাকে? — প্রিন্সিপালের কোয়ার্টারের।
- 'রেইনকোট' গল্পে কলেজটা এখন কাদের দখলে আছে? — মিলিটারির।
- ইসহাক এপ্রিল মাস থেকে কোন ভাষায় কথা বলে? — উর্দু।

৫. 'মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়।' যে রচনার উদ্ধৃতি-
ক) রেইনকোট খ) নেকলেস
গ) বায়ান্নর দিনগুলো ঘ) অপরিচিতা উত্তর:গ



শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার